গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ(বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২
(প্রশিক্ষণ শাখা)

স্মারক নং- ৩৫.০৩.০০০০.০০৭.২৫.০০৩.১৬ (অংশ-২).২০-২৭২ তারিখঃ ১১-০৮-২০২২খ্রিঃ।

**বিষয়ঃ পেশাজীবী গাড়ীচালকদের পেশাগত দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান।**

বিআরটিএ কর্তৃক পেশাজীবী গাড়ীচালকদের পেশাগত দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত প্রস্তুতকৃত ২০২২-২৩ অর্থবছরের প্রশিক্ষণ মডিউল ও প্রশিক্ষণ রূপরেখা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এমতাবস্থায়, প্রেরিত প্রশিক্ষণ মডিউল ও প্রশিক্ষণ রূপরেখা অনুযায়ী যথাশীঘ্রসম্ভব পেশাজীবী গাড়ীচালকদের প্রশিক্ষণ প্রদানসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২(দুই) পাতা।

১১/০৮/২০২২
(মো: সিরাজুল ইসলাম)
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন: ৫৫০৪০৭১৯

সহকারী পরিচালক (ইঞ্জি:)
বিআরটিএ, ..................................................... সকল

অনুলিপি (জেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট/ইঞ্জিনিয়ারিং/অপারেশন/রোড সেফটি), বিআরটিএ, সদর কার্যালয়, বনানী, ঢাকা।
২। জেলা প্রশাসক....................................জেলা।
৩। পরিচালক(ইঞ্জি:), বিআরটিএ, ...........................বিভাগ (সকল) [প্রেরিত রূপরেখা অধীনস্থ সার্কেলসমূহ কর্তৃক অনুসরণ নিশ্চিতকরণের অনুরোধসহ]।
৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, বনানী, ঢাকা।

২০২২-২৩ অর্থবছর

# পেশাদার চালকদের রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান কর্মসূচি সম্পর্কিত বিশেষ রূপরেখা

১। পেশাজীবী গাড়িচালকদের ড্রাইভিং লাইসেন্স নবায়নের পূর্বে প্রত্যেককে প্রশিক্ষণ প্রদান করতে হবে। প্রশিক্ষণ কার্যক্রম শুধুমাত্র পেশাজীবী গাড়িচালকদের ড্রাইভিং লাইসেন্স নবায়ন ও শ্রেনী পরিবর্তনের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২। প্রশিক্ষণ অনুষ্ঠিত হওয়ার তারিখ কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে পরিচালক (প্রশিক্ষণ) শাখা কে ই-মেইলে (dt@brta.gov.bd) অবহিত করতে হবে। যদি কোন কারণে সিডিউল পরিবর্তন করা হয় তাহলে অনতিবিলম্বে প্রশিক্ষণ শাখাকে জানাতে হবে।

৩। প্রশিক্ষণ কার্যক্রম ও পরীক্ষা গ্রহণ প্রশিক্ষণ মডিউল অনুযায়ী ০১ (এক) দিনে সম্পন্ন করতে হবে।

৪। যে সকল সার্কেলে প্রার্থীর সংখ্যা কম থাকবে সেখানে প্রয়োজনে ২০ জনের ব্যাচ করে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখতে হবে।

৫। ডোপ টেষ্ট সম্পর্কে আলোচনা ও সার্টিফিকেট প্রদান নিশ্চত করতে হবে

৬। নবায়নের জন্য আবেদন গ্রহণের পর নবায়ন ফির রশিদ নিয়ে প্রত্যেক গাড়িচালকদের তারিখ ও সময় উল্লেখপূর্বক প্রশিক্ষণের মডিউল ও প্রশিক্ষণার্থীর ছবিসহ প্রাপ্তিস্বীকার রশিদ প্রদান করতে হবে।

৭। সড়ক নিরাপত্তা বিষয়ক ব্যানার, পোস্টার, লিফলেট, স্টিকার, ফেস্টুন দ্বারা প্রশিক্ষণ ভেন্যু সুসজ্জিত করতে হবে।

৮। প্রশিক্ষণের সরঞ্জামাদি হিসেবে Folder, কাগজ, কলম ও বিআরটিএ কর্তৃক নির্ধারিত ম্যানুয়াল এর প্রিন্টকপি প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য সরবরাহ করতে হবে।

৯। কোভিড-১৯ এর পার্দুভাব এর কারনে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণের সময় স্বাস্থ্য অধিদপ্তরের দেয়া স্বাস্থ্যবিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে। সকল সার্কেলের ডিডিও গণ স্বাস্থ্যঝুঁকি এড়াতে প্রয়োজনীয় সরঞ্জামাদি ক্রয় করবেন।

১০। প্রশিক্ষণের সময় Power Point Presentation ও লিখার বোর্ড ব্যবহার করতে হবে।

১১। প্রশিক্ষণ কক্ষটি পরিস্কার পরিছন্ন রাখতে হবে। প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষন কক্ষে সার্বক্ষণিক খাবার পানির সরবরাহ নিশ্চিত করতে হবে।

১২। সড়ক নিরাপত্তা বিষয়ক ডকুমেন্টারী না থাকলে প্রতিনিধি প্রেরণপূর্বক তা সদর কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে।

১৩। সার্কেল অধিভুক্ত এলাকার বা পার্শ্ববর্তী এলাকার বিআরটিএ'র লাইসেন্স প্রাপ্ত ড্রাইভিং ইনস্ট্রাকটরদের প্রশিক্ষক হিসেবে আমন্ত্রণ জানানো যেতে পারে। করোনা ভাইরাস জনিত উদ্ভূত পরিস্থিতিতে বহিরাগত রিসোর্স পার্সন পাওয়া না গেলে সহকারী পরিচালক (ইঞ্জিঃ)/ মোটরযান পরিদর্শক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবেন।

১৪। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান ও পরীক্ষা গ্রহণ শেষে টাকা ৩০০/- করে প্রশিক্ষণ ভাতা প্রদান করতে হবে।

১৫। প্রশিক্ষণ মডিউল অনুযায়ী প্রশিক্ষণার্থীদের মানসম্মত আপ্যায়নের ব্যবস্থা করতে হবে।

১৬। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরণ করতে হবে।

১৭। প্রশিক্ষণ ব্যয় বিবেচনা করে সরকারি বিধিবিধান মোতাবেক প্রশিক্ষণ সংশ্লিষ্ট ক্রয়কার্য সম্পাদন করতে হবে।

১৮। স্ব স্ব সার্কেলের ফেসবুকে প্রশিক্ষণ সংক্রান্ত আলাদা অ্যালবাম তৈরি করতে হবে এবং প্রশিক্ষন সমাপ্তির পরবর্তী দিনে প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত ছবি আপলোড করতে হবে। ছবির নিচে অবশ্যই প্রশিক্ষণের তারিখ ও প্রশিক্ষণার্থীর সংখ্যা উল্লেখ করতে হবে।

১৯। প্রশিক্ষণ সমাপ্তির পরবর্তী দিনে প্রশিক্ষণার্থীর সংখ্যা সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (১) জনাব দেঃ মোঃ আলমাছ হোসাইন (মোবাইল: ০১৯৪৮-৯৫৩৩২৭) (২) জনাব মুহাম্মদ মোরশেদুল আলম (মোবা: ০১৫৫০-০৫৬৫৭৮)/ উচ্চমান সহকারী, জনাবা চাম্পা রানী (মোবা: ০১৬৮৮-৯৪৭৮৬০) কে অবশ্যই SMS এর মাধ্যমে জানাতে হবে।

২০। নিম্নোক্ত ছক অনুযায়ী (ছক-১ ও ছক-২) পেশাজীবী গাড়িচালকদের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য প্রশিক্ষণ সমাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করতে হবে। প্রেরিতব্য তালিকা সহকারী পরিচালক (ইঞ্জিঃ)/মোটরযান পরিদর্শক কর্তৃক সত্যায়িত করে

সহকারী পরিচালক (ইঞ্জিঃ) এর স্বাক্ষরে Forward করতে হবে। Forwarding letter এ প্রশিক্ষণের তারিখের বিপরীতে প্রশিক্ষণার্থীর সংখ্যা সঠিকভাবে উল্লেখ করতে হবে এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে পূর্বের মাসের প্রতিবেদন নিম্নোক্ত ছক মোতাবেক দাখিল করতে হবে।

**ছক-১**

| ক্র. নং | চালকের নাম ও মোবাইল নম্বর | ড্রাইভিং লাইসেন্স নং | চালক যে গাড়ি চালনা করেন তার নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | | | |

**যানের শ্রেনী অনুযায়ীঃ**

**ছক-২**

| | হালকা | মধ্যম | ভারী | অটোরিক্সা | অন্যান্য | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| সংখ্যা | | | | | | | |

২৭/০৬/২০২২

সংশোধিত ২০২২-২৩ অর্থবছর

# পেশাজীবী গাড়িচালকদের দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক রিফ্রেশার প্রশিক্ষণের বিশেষ মডিউল

| সময় | বিষয় |
|---|---|
| ০৯.৩০-১০.৩০ | নিরাপদ সড়কের গুরুত্ব, সড়ক দুর্ঘটনার কারণ ও প্রতিকার সম্পর্কে আলোচনা |
| | ট্রাফিক সাইন, সিগন্যাল ও রোড মার্কিং সম্পর্কে আলোচনা। |
| | সড়ক পরিবহন আইন -২০১৮ এর আওতায় বিভিন্ন অপরাধ ও শাস্তিমূলক ব্যবস্থা সম্পর্কে আলোচনা। |
| | |
| ১০.৩০-১১.০০ | চা বিরতি |
| ১১.০০-১২.০০ | মোটরযান চালকদের পরিস্কার পরিচ্ছন্নতা, করোনা ভাইরাস (কভিড-১৯) সংক্রমনকালীন সময়ে স্বাস্থ্যবিধি অনুসরণ ও প্রাথমিক চিকিৎসা বিষয়ক আলোচনা। |
| | আইনের প্রতি শ্রদ্ধশীল হওয়া ও উন্নত মানসিকতা গঠন সম্পর্কে আলোচনা। |
| | শিষ্টাচার, নৈতিকতা সম্পর্কে আলোচনা। |
| | মহিলা, শিশু, শারিরীক ও দৃষ্টি প্রতিবন্ধি (সাদা ছড়ি) এবং যাত্রীসাধারণের সাথে আচরণ। |
| ১২.০০-০১.০০ | মোটরযান মেরামত, রক্ষণাবেক্ষণ ও নিরাপত্তা সম্পর্কে আলোচনা |
| | ❖ শব্দদূষণ, যানবাহনে ধূমপান ও মাদকাসক্তি সম্পর্কে আলোচনা<br>❖ সিটবেল্ট ও মোবাইল ফোন ব্যবহারের বিধি নিষেধ সম্পর্কে আলোচনা |
| | ড্রাইভিং লাইসেন্স ইস্যু/নবায়ন গাড়ীর ফিটনেস ইস্যু/নবায়ন/ রুটপারমিট ইস্যু/নবায়ন, ইঞ্জিন পরিবর্তন, রং পরিবর্তন ইত্যাদি সম্পর্কে আলোচনা। |
| ০১.০০-০২.০০ | মধ্যাহ্ন বিরতি |
| ০২.০০-০৫.০০ | ব্যবহারিক পরীক্ষা |